

এইডস নিয়ে সচেতনতা শিবির

নিজস্ব প্রতিবেদন: রাজ্যে এইডস আক্রান্তের সংখ্যা ক্রমশ বাড়লেও অনেকটাই নিরস্ত্রে এসেছে বলে দাবি স্বাস্থ্যকর্তাদের। এইডস-এর বাড়বাড়ন্তের দিক দিয়ে ভারতকে 'রিস্কজোন' বলা হচ্ছে, কারণ এখানে তিনটি সীমান্ত অঞ্চল রয়েছে। যার ফলে এইডস হওয়ার সম্ভাবনা প্রবল। তবে বর্তমানে মানুষ সচেতন হচ্ছেন বলে দাবি বিভিন্ন স্বাস্থ্যসেবী সংস্থার। এরকমই বরানগরের ন' পাড়ার এক স্বাস্থ্যসেবী সংস্থা, যারা এই মারণরোগের বিরুদ্ধে বিভিন্ন সচেতনতা মূলক প্রয়াস চালিয়ে যাচ্ছেন। দীর্ঘ পাঁচ বছর ধরে রাজ্য সরকারের স্টেট এইডস প্রিভেনশন অ্যান্ড কন্ট্রোল সোসাইটি (স্যাকস) সঙ্গে কাজ করছে এই সংস্থা। সম্প্রতি, স্পেশ্যাল স্ট্রাইকিং ফোর্সের পুলিশ বাহিনীকে নিয়ে তারা ব্যারাকপুরে একটি সচেতনতা মূলক অনুষ্ঠান করেন।

সংস্থার সহ-সম্পাদক সংগ্রাম বিশ্বাস জানান, এ পর্যন্ত তারা কলকাতা ও রাজ্য পুলিশের প্রায় ১৪ হাজার কর্মীকে বিশেষ প্রশিক্ষণের আওতায় আনতে পেরেছেন। পুলিশ সমাজের রক্ষাকর্তা। তাই তাদের সকলের আগে সচেতন হওয়া জরুরি বলে মনে করেন সংগ্রামবাবু। তাই এ রোগকে প্রতিরোধ করতে গেলে কী ধরণের সতর্কতা অবলম্বন করা উচিত সকলের আগে পুলিশের তা জানা প্রয়োজন। এছাড়াও তাঁদের সংস্থা সাধারণ মানুষের উদ্দেশ্যে সরকারের সহযোগিতায় নদিয়া, মুর্শিদাবাদ এবং হাওড়ায় ম্যাজিক শো-এর মাধ্যমে সচেতনতা মূলক অনুষ্ঠান করেছেন।

সরকারি সূত্র অনুযায়ী, এখনও পর্যন্ত রাজ্যে এ মুহূর্তে প্রায় এক লক্ষ ২০ হাজার এইডস আক্রান্ত। তার মধ্যে চলতি বছরের জানুয়ারি থেকে মে মাস পর্যন্ত ২,৮০২ জনের এই রোগে আক্রান্ত হওয়ার খবর জানা গিয়েছে। সচেতনতামূলক অনুষ্ঠানের এই শিবিরে উপস্থিত ছিলেন রাজ্য পুলিশের আইজি (সমাজকল্যাণ) আইপিএস এন চন্দ্রবাবু রমেশ, সংস্থার সম্পাদক রাজু সোম-সহ অন্যান্যারা। রবিবার সংস্থার তরফে আসানসোল-দুর্গাপুর পুলিশ কমিশনারেটে এইডস নিয়ে এক সচেতনতামূলক অনুষ্ঠানের আয়োজন করা হয়। এদিন দুপুরে আসানসোল পুলিশ লাইনের শরৎ মঞ্চে প্রায় দু' ঘণ্টার একটি কর্মশালা করেন সংস্থার কর্মীরা। সেখানে ছিলেন আসানসোল-দুর্গাপুরের ডেপুটি কমিশনার শিসরাম ঝাজারিয়া-সহ থানার অন্যান্য উচ্চপদস্থ পুলিশ কর্মীরা।

অধী তুর

প্রি

ভরনা গুডেনু-অভিফে
আদম পঞ্চায়েত
ধরতে ও সামগ্র্যস্ত্রের
করে দিয়েছে তুগমূল
মুর্শিদাবাদে দলকে স
ইতিমধ্যে 'ব্রিটিশ' ও
পঞ্চায়েত ডোটে হে
তরুণ প্রজন্মের নেত
চলেছে দল। জানা
সভাপতি শুভেন্দু
অধিকারী ও তুগমূল
যুবর সভাপতি অ
বন্দোপাধ্যায়কে
মুর্শিদাবাদে বিশেষ
কাজে লাগাতে চ
শাসক দল।

দীর্ঘ চৌকি
বাম রাজ্যের ত
ঘটিয়ে ক্ষমতায়
দল। বর্তমানে
জেলাতেই আর্
কারেম হয়েছে
শিবিরের। তবে
জেলার মধ্যে
তিমিরেই। পাঁ
জেলার মধ্যে
মজবুত নয়।
পরিবর্তনের
কেন্দ্রেই জা
সাংসদই ক'
সম্পর্ক
রাজ্যের ত
ব্যবধানে
ইনলামের
মেনেও চি

২৪ জুন, ২০১৩ • কলকাতা
